

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম (পদ্য)

আজকের পাঠ: আশা

তারিখ: ১৮/০৭/২০

### অনুধাবনমূলক

১. বিন্দসুখের ভাবনাহীন মানুষেরা সংশয়হীন কেন?
২. কবি কোন জগতে ও কেন হারিয়ে যেতে চান?
৩. আহারের সঞ্চয় না থাকলেও দরিদ্র মানুষের গ্লানি নেই কেন?
৪. 'নেই দীনতা, নেই কোন সংহায়' বলতে কী বোঝানো হয়েছে?
৫. কবি প্রকৃত মানুষ বলতে কী বুঝিয়েছেন?
৬. কীভাবে সুখী হওয়া যায়?
৭. মানুষের জীবন থেকে সুখ উঠাও হয়ে যাওয়ার কারণ কী?
৮. সিকান্দার আবু জাফর কীভাবে মুক্তিযুদ্ধে অবদান রেখেছিলেন?

### জ্ঞানমূলক

১. আঁধার ঘরে আলো জ্বালতে পারে কে?
২. 'বৈরি বৃষ্টিতে' কোন ধরনের রচনা?
৩. ক্রমশ এ প্রথিবী কী হয়ে যাচ্ছে?
৪. মানুষের মনে কী নেই?
৫. সুখী কারা?
৬. কবি কাদের সত্যিকারের মানুষ মনে করেন?
৭. সুখী মানুষ কী নিয়ে তুষ্ট থাকে?
৮. সিকান্দার আবু জাফর কর্মজীবনে কী ছিলেন?
৯. কীসে আয়ু কমে?
১০. কাদের মনে দুরাশার গ্লানি নেই?
১১. 'আমাদের সংগ্রাম চলবেই' গান্টির রচয়িতা কে?
১২. কোথায় মানুষ নির্ভাবনায় ঘুমিয়ে থাকে?
১৩. সিকান্দার আবু জাফর কত সালে জন্মগ্রহণ করেন?
১৪. 'আশা' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া?
১৫. মানুষের মন যত্নগাময় হয় কেন?
১৬. কবির হারিয়ে যেতে চাওয়ার কারণ কী?

## সৃজনশীল প্রশ্ন:

মুক্তিকামী মহাসাধক মুক্ত করে দেশ,

সবারই সে অন্ন জোগায় নাইকো গর্ব লেশ।

ব্রত তাহার পরের হিত, সুখ নাহি চায় নিজে,

রৌদ্র দাহে শুকায় তনু, মেঘের জলে ভিজে।

আমার দেশের মাটির ছেলে, নমি বারংবার,

তোমায় দেখে চূর্ণ হউক সবার অহংকার।

ক) ‘আমাদের সংগ্রাম চলবেই চলবে’ গানটির রচয়িতা কে?

খ) ‘যেথায় লোকে তুচ্ছ নিয়ে/তুষ্ট থাকে ভাই’ চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের কৃষকের মাঝে ‘আশা’ কবিতার কোন দিকটি বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকটি কি ‘আশা’ কবিতার মূল উপজীব্য? তোমার মতানুসারে যুক্তি দাও।